

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৩ পৌষ ১৪২৬/০৭ জানুয়ারি ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.১৪—জনাব ফয়েজ আহম্মদ ১৯৮৭ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (কৃষি) ক্যাডার এবং পরে ১৯৮৮ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক দীর্ঘ ৩২ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করেছেন।

২। জনাব ফয়েজ আহম্মদ সুদীর্ঘ সময় প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত থেকে পেশাদারিত্ব, দক্ষতা ও বিচক্ষণতার সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে কাজ করে গেছেন। প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য জনাব ফয়েজ আহম্মদ-কে ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ১৫ পৌষ ১৪২৬/৩০ ডিসেম্বর ২০১৯ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম  
মন্ত্রিপরিষদ সচিব

( ৬২৯ )  
মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

১৫ পৌষ ১৪২৬  
ঢাকা : ৩০ ডিসেম্বর ২০১৯

জনাব ফয়েজ আহম্মদ ১৯৮৭ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (কৃষি) ক্যাডার এবং পরে ১৯৮৮ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক দীর্ঘ ৩২ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করছেন।

কর্মজীবনের শুরুতে জনাব ফয়েজ আহম্মদ মাঠপ্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিযুক্ত ছিলেন। তিনি রাজবাড়ী ও চট্টগ্রাম জেলার জেলা প্রশাসক হিসাবে দক্ষতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়; পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগসহ গুরুত্বপূর্ণ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে কর্মরত ছিলেন।

জনাব ফয়েজ আহম্মদ ১৮ অক্টোবর ২০১৭ তারিখে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব হিসাবে নিযুক্ত হন। পরে ১ জুলাই ২০১৮ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সচিব হিসাবে যোগদান করেন এবং গত ২৩ ডিসেম্বর ২০১৯ তারিখে সিনিয়র সচিব হিসাবে পদোন্নতি পেয়ে অদ্যাবধি একই মন্ত্রণালয়ে নিষ্ঠা ও পারদর্শিতার সঙ্গে দায়িত্ব পালন করেন।

জনাব ফয়েজ আহম্মদ সুদীর্ঘ সময় প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত থেকে পেশাদারিত্ব, দক্ষতা ও বিচক্ষণতার সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে কাজ করে গেছেন। একজন স্থিতধী, প্রাজ্ঞ ও সৃজনশীল কর্মকর্তা হিসাবে জনাব ফয়েজ আহম্মদ পরবর্তী প্রজন্মের কর্মকর্তাদের নিকট স্মরণীয় হয়ে থাকবেন।

প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব ফয়েজ আহম্মদ-কে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd